গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়

# কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ, কুমিল্লা

ফোনঃ ৮৮-০৮১-৬৫৯৮৮; (ডিগ্রী শাখা); ৬৫২৪৫ (উচ্চ মাধ্যমিক শাখা);

তারিখঃ ২২/০৯/২০১৯

## বিজ্ঞপ্তি

২০১৯-২০২০ শিক্ষা বর্ষে ১ম বর্ষ অনার্স কোর্সে ভর্তির যাবতীয় তথ্যাদি নিচে দেয়া হলো ।

**ভর্তির তারিখঃ**

মেধাতালিকায় স্থান প্রাপ্ত শিক্ষার্থীরা প্রাপ্ত বিষয়ের বিভাগে যোগাযোগ করে ২৩/০৯/২০১৯ হতে ২৮/০৯/২০১৯ তারিখের মধ্যে ভর্তি প্রক্রিয়া শেষ করতে হবে ।

বিভাগকর্তৃক ভর্তি বিবরণী কলেজ অফিসে জমার শেষ তারিখঃ ৩০/০৯/২০১৯ ।

**প্রয়োজনীয় কাগজপত্রঃ**

ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট হতে সংগৃহীত পূরণকৃত ভর্তির চূড়ান্ত আবেদন ফরম।
খ) এস.এস.সি ও এইচ.এস.সি/সমমান পরীক্ষা পাসের নম্বর পত্র ও সনদপত্রের মূল কপি এবং দুটি করে ফটোকপি।
গ) এস.এস.সি ও এইচ.এস.সি/সমমান এর রেজিষ্ট্রেশন কার্ডের ফটোকপি।
ঘ) ১ম বর্ষ অনার্স ভর্তির প্রাথমিক আবেদন ফরমের মূল কপি।
ঙ) সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি-০৫ কপি।
চ) **কলেজের ওয়েব সাইট ( www.cvgc.edu.bd ) এ গিয়ে শিক্ষার্থীর তথ্য ফরম পূরণ পূর্বক প্রিন্ট কপি ভর্তি ফরম এর সাথে অবশ্যই জমা দিতে হবে।**

**ভর্তি ফিঃ**

**এতদসংগে প্রদত্ত তালিকা মোতাবেক স্ব-স্ব বিভাগ ফি নির্ধারণ পূর্বক ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশ করবে। সেমিনরি ফি এবং বিভাগের নির্বাচনী পরীক্ষার ফি বিভাগে রসিদের মাধ্যমে আদায় পূর্বক ব্যাংকে জমা করতে হবে । অন্যান্য সকল ফি কলেজ অফিস কর্তৃক সরবরাহকৃত রসিদের মাধ্যমে শিক্ষার্থীরা ব্যাংকে জমা করবে। বিজ্ঞপ্তির অনুলিপি কলেজ এর ষ্টোর শাখায় জমা দিয়ে ফি জমা রসিদ সংগ্রহ করতে হবে।**

মেধা তালিকায় স্থান প্রাপ্ত ছাত্র-ছাত্রীরা স্ব-স্ব বিভাগ হতে ফি জমা রসিদ সংগ্রহ করে পূবালী ব্যাংক, ভিক্টোরিয়া কলেজ শাখা/জেলা পরিষদ শাখা/চকবাজার শাখা/প্রধান শাখায় টাকা জমা দিয়ে জমা রসিদের কলেজ অংশ ভর্তি ফরমের সাথে সংযোজন করে স্ব- স্ব বিভাগে জমা দিতে হবে।

অধ্যক্ষ
কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ
কুমিল্লা।

অনুলিপিঃ

১। উপাধ্যক্ষ, কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ, কুমিল্লা।
২। সকল বিভাগীয় প্রধান, কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ, কুমিল্লা।
**(সংশ্লিষ্ট বিভাগসমূহকে প্রতিদিন ভর্তিকৃত শিক্ষার্থীর সংখ্যা এবং শূণ্য আসন সংখ্যা সরবরাহকৃত ফরমে দুপুর ২.০০ ঘটিকার মধ্যে কলেজ অফিসের আই টি শাখার অবশ্যই জমা দিতে হবে।)**
৩ সম্পাদক, শিক্ষক পরিষদ, কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ, কুমিল্লা।
৪। সংরক্ষম নথি।

# জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর-১৭০৪

স্মারক নং: ১০(২২৬)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/২০১৮/২০১৯/২২৯৩ তারিখ: ১৯/০৯/২০১৯

## ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কার্যক্রমে বিষয়ভিত্তিক ১ম মেধা তালিকা প্রকাশ ও সংশ্লিষ্ট কলেজ কর্তৃক চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কার্যক্রমে বিষয়ভিত্তিক ১ম মেধা তালিকা ২৩ সেপ্টেম্বর ২০১৯ তারিখ প্রকাশ করা হবে। উক্ত ফলাফল SMS (nu<space>athn<space>roll no টাইপ করে 16222 নাম্বারে **send** করতে হবে) এর মাধ্যমে একইদিন বিকাল ৪টা থেকে এবং ভর্তি বিষয়ক ওয়েবসাইটে (www.nu.ac.bd/admissions) রাত ৯টা থেকে পাওয়া যাবে।

উল্লেখ্য যে, ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত ভর্তিচ্ছু শিক্ষার্থী ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের কোন শিক্ষা কার্যক্রমে ভর্তি হয়ে থাকলে তাকে অবশ্যই ২৬ সেপ্টেম্বর ২০১৯ তারিখের মধ্যে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করে চূড়ান্ত ভর্তি ফরম উত্তোলন করতে হবে।

২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ক্লাস ০১ অক্টোবর ২০১৯ তারিখ থেকে শুরু হবে।

### ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কার্যক্রম নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করতে হবে

| ক্রমিক | বিবরণ | তারিখ |
|---|---|---|
| ক) | ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের অনলাইনে ভর্তি ফরম পূরণের তারিখ: শিক্ষার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের (www.nu.ac.bd/admissions) **Applicant Login** অপশনে **Honours Login** লিংকে গিয়ে সঠিক রোল নম্বর ও পিন এন্ট্রি দিয়ে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করতে হবে। | ২৩/০৯/২০১৯ থেকে ২৮/০৯/২০১৯ |
| খ) | ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীকে রেজিস্ট্রেশন ফি ৪৮৫/-(চারশত পঁচাশি) টাকাসহ চূড়ান্ত ভর্তি ফরমের প্রিন্ট কপি নিয়ে সংশ্লিষ্ট কলেজে জমা দেয়ার তারিখ: | ২৪/০৯/২০১৯ থেকে ২৯/০৯/২০১৯ |
| গ) | সংশ্লিষ্ট কলেজ কর্তৃক ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তি নিশ্চয়নের তারিখ: | ২৪/০৯/২০১৯ থেকে ৩০/০৯/২০১৯ |
| ঘ) | সংশ্লিষ্ট কলেজকে শিক্ষার্থীদের ভর্তি ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত অংশ [জনপ্রতি থেকে ৪৮৫/- (চারশত পঁচাশি) টাকা হারে] যে কোন সোনালী ব্যাংক শাখায় সোনালী সেবার মাধ্যমে জমা দেয়ার তারিখ: এ লক্ষ্যে কলেজ **Login** এর মাধ্যমে **Admission Payment Info (Honours)** অপশনে ক্লিক করে Pay Slip ডাউনলোড করবে। Pay Slip এ ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) "রেজিস্ট্রেশন ফি" খাতের সঞ্চয়ী হিসাব নম্বর- **0218100000134** উল্লেখপূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংক শাখায় সোনালী সেবার মাধ্যমে জমা দিয়ে রশিদ সংগ্রহ করবে। | ০১/১০/২০১৯ থেকে ০৭/১০/২০১৯ |
| ঙ) | **দৃষ্টি আকর্ষণ** কলেজ কর্তৃপক্ষকে ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কার্যক্রমে মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তি ফরমে প্রদর্শিত সকল তথ্য ও ছবি (শিক্ষার্থীদের সনদপত্র ও নম্বরপত্র অনুযায়ী) যাচাই করে চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন করতে হবে। কোন শিক্ষার্থীর ভর্তি ফরমে প্রদর্শিত তথ্য ও ছবিতে অসংগতি বা গড়মিল পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষকে শিক্ষার্থীর ভর্তি নিশ্চয়ন না করে বিষয়টি লিখিতভাবে ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল বরাবর জানাতে হবে। | |

স্বাক্ষরিত/-
(প্রফেসর ড. মোঃ নাসির উদ্দিন)
ডিন (ভারপ্রাপ্ত), স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪
ফোন: ০২-৯২৯১০৬৮, ০২-৯২৯১০৮৪
ই-মেইল- deanug@nubd.info

স্মারক নং: ১০(২২৬)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/২০১৮/২০১৯/২২৯৩ তারিখ: ১৯/০৯/২০১৯

অনুলিপি ঃ

১। সকল বিভাগীয় প্রধান, জাতীয় বিশ্ববিদ্যালয়।
২। সচিব, ভাইস চ্যান্সেলর এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৩। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
৫। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৬। অফিস কপি।

(মো: কামরুল ইসলাম)
উপ-রেজিস্ট্রার (সম্মান)
স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪

Copy NOTICE HONS ADMISSION 2019-2020 9.09.2019